

PM Greets President and People of Republic of Korea on the 70th Anniversary of the Outbreak of the Korean War

June 25, 2020

কোরিয়ান যুদ্ধের 70 তম বার্ষিকী উদযাপন উপলক্ষে কোরিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি এবং কোরিয়ার জনগণকে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা প্রদান।

জুন 25, 2020

1950 সালে কোরিয়া যুদ্ধের 70 তম বার্ষিকী উদযাপন উপলক্ষে ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কোরিয়া উপদ্বীপের শান্তি স্থাপনের জন্য যে সকল সাহসীমানুষ তাদের জীবন বিসর্জন দিয়েছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন।

কোরিয়া প্রজাতন্ত্রের সিওলে এই ভাবগম্বীর অনুষ্ঠানের স্মারক উৎসব চলাকালীন প্রধানমন্ত্রীর একটি ভিডিও বার্তা প্রদর্শিত হয়েছে। এই উৎসবের আয়োজন করেছিলেন কোরিয়া প্রজাতন্ত্রের প্যাট্রিয়টস অ্যান্ড ভেটারেন অ্যাফেয়ার্স মন্ত্রক এবং সভাপতিত্ব করেছেন রাষ্ট্রপতি শ্রী মুন জে-ইন। প্রধানমন্ত্রী মোদী তার বার্তায়, কোরিয়া প্রজাতন্ত্রের যুদ্ধ প্রচেষ্টায় ভারতের অবদানের কথা স্মরণ করেছেন। 60 টি প্যারা ফিল্ড হাসপাতাল প্রদানের মাধ্যমে এই অবদান প্রদান করা হয়েছিল। যুদ্ধের সময় হাসপাতালগুলি ইওমেন পরিষেবা প্রদান করেছিল এবং সৈন্য এবং অসামরিক ব্যক্তি উভয়কেই অত্যাবশ্যক চিকিৎসা সাহায্য প্রদান করেছিল। প্রধানমন্ত্রী কোরিয়ার জনগণকে তাদের স্বৈর্য্য, কঠিন পরিশ্রম এবং যুদ্ধের ভগ্নস্বূপ থেকে পুনরুজ্জীবিত একটি মহান দেশ গঠনের জন্য অভিনন্দিত করেছেন এবং কোরিয়া উপদ্বীপে শান্তি ও স্থিতি নিশ্চিত করার জন্য কোরিয়া প্রজাতন্ত্রের সরকারের প্রচেষ্টার উচ্ছসিত প্রশংসা করেছেন। কোরিয়া উপদ্বীপে স্থায়ী শান্তির জন্য তিনি ভারত সরকারের এবং ভারতের জনগণের শুভ কামনা প্রদান করেছেন।

রাষ্ট্রপতি মুন ছাড়াও, কোরিয়া প্রজাতন্ত্রের জাতীয় প্রতিরক্ষা মন্ত্রী, অন্যান্য কেবিনেট মন্ত্রীগণ, যুদ্ধের সময় যে সকল দেশ কোরিয়াকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল সেই সব দেশের প্রতিনিধি হিসেবে রাষ্ট্রদূতেরা, কোরিয়ার বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নিউ দিল্লি

জুন 25, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.